


X বন্ধ করুন

 প্রিন্ট করুন

 ঢাকা, সোমবার, ২ ফেব্রুয়ারি ২০০৯, ২০ মাঘ ১৪১৫, ৫ সফর ১৪৩০
 বর্ষ ১১, সংখ্যা ৮৭, আপডেট : বাংলাদেশ সময় রাত ২টা ৫৫ মিনিট

ভাঙার সিদ্ধান্তে প্রধানমন্ত্রী বিরক্ত চট্টগ্রামের সেই স্কুল দুটি রক্ষায় ব্যবস্থা নেওয়ার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক, ঢাকা ও চট্টগ্রাম


প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামে মেয়েদের ঐতিহ্যবাহী দুটি স্কুল অপর্ণা চরণ ও কৃষ্ণকুমারী বালিকা উচ্চবিদ্যালয় ভেঙে সিটি করপোরেশনের বহুতল ভবন নির্মাণের সিদ্ধান্তে বিরক্তি প্রকাশ করেছেন। তিনি গতকাল রোববার এ বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে কথা বলেন এবং স্কুল দুটি রক্ষা করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। এ প্রসঙ্গে জানতে চাইলে শিক্ষামন্ত্রী প্রথম আলোকে বলেন, 'পরোনো স্কুল কীভাবে আধুনিক, সুন্দর ও দৃষ্টিভঙ্গন করা যায়, সেই উদ্যোগ গ্রহণ করা উচিত।' প্রধানমন্ত্রীর মনোভাব জানিতে চাইলে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'তিনি বিরক্তি প্রকাশ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছেন।' মন্ত্রী আরও বলেন, 'স্কুল দুটি কীভাবে সম্প্রসারণ করা যায়, সে লক্ষ্যে মন্ত্রণালয় প্রয়োজনে সহযোগিতা করবে। তবে বাণিজ্যিক কারণে শিক্ষাপ্রতিষ্ঠান এবং ঐতিহ্য নষ্ট করা যাবে না।' এদিকে স্কুল দুটি রক্ষায় চট্টগ্রামে সপ্তাহব্যাপী আন্দোলন শুরু করেছে বিভিন্ন রাজনৈতিক ও পেশাজীবী সংগঠন। অন্যদিকে মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরীর নির্দেশ অনুযায়ী প্রকৌশল বিভাগ স্কুলগুলোর জায়গায় পাইলিং শুরুর উদ্যোগ নিয়েছে বলে করপোরেশন সূত্রে জানা যায়।

খোঁজ নিয়ে জানা গেছে, আজ সোমবার বিকেলে শহীদ মিনারে সমাবেশ ডেকেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। সমাবেশে ছাত্র-শিক্ষক-অভিভাবক ও চট্টগ্রামের বিশিষ্ট নাগরিকেরা উপস্থিত থাকবেন বলে জানিয়েছেন বাসদের চট্টগ্রামের সমন্বয়ক মানস নন্দী। কুল মঙ্গলবার বিকেলে ছাত্র ইউনিয়ন শহীদ মিনারে সমাবেশ করবে। বুধবার বিকেলে চট্টগ্রামের সর্বস্তরের সাংস্কৃতিক কর্মী ও সচেতন নাগরিক সমাজও একই স্থানে সমাবেশ ডেকেছে। ওই দিন দুপুরে স্কুল ফটকে অভিভাবকেরা মানববন্ধন করবেন।

চট্টগ্রামের সর্বস্তরের মানুষের আন্দোলন সত্ত্বেও করপোরেশন স্কুল ভেঙে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের কাজ শুরুর উদ্যোগ নিয়েছে। ইতিমধ্যে করপোরেশনের প্রকৌশল বিভাগ শিগগির সেখানে পাইলিংয়ের কাজ শুরু করবে বলে জানিয়েছে। সিটি করপোরেশনের প্রধান প্রকৌশলী নিজাম উদ্দিন চৌধুরী প্রথম আলোকে বলেন, 'সামনে গরমের মাস আসছে। তার আগেই আমরা টিনশেডের স্কুল ভবন থেকে ছাত্রীদের একটি ভালো ভবনে নিয়ে আসার লক্ষ্যে কাজ শুরু করব।' চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কাছে দেওয়া নকশার ভিত্তিতেই এ নির্মাণকাজ শুরু হবে বলে তিনি জানান। সিডিএর নকশা অনুমোদন ছাড়াই কীভাবে নির্মাণকাজ শুরু করবেন- জানতে চাইলে করপোরেশনের প্রধান প্রকৌশলী বলেন, 'আমাদের সঙ্গে সিডিএর ভুল বোঝাবুঝি ছিল, এটা দ্রুত সেরে যাবে।'

 URL : <http://www.prothom-alo.com/print.php?t=m&nid=MTM5MjY2>

X বন্ধ করুন

 প্রিন্ট করুন

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.

Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by

Prothom-Alo.com
[Privacy Policy](#) | [Terms & Conditions](#)